

ছিন ব্যাংকিং এন্ড সিএসআর ডিপার্টমেন্ট


ব্যাংকসমূহে স্কুল ব্যাংকিং কার্যক্রম এর সেপ্টেম্বর ৩০, ২০১৪ ভিত্তিক হালনাগাদ প্রতিবেদন

স্কুল ছাত্র/ছাত্রীদেরকে ব্যাংকিং সেবা ও প্রযুক্তির সাথে পরিচিত করা এবং সঞ্চয়ের মাধ্যমে কোমলমতি ছাত্র-ছাত্রীদের অর্থনৈতিক কর্মকাণ্ডে অংশগ্রহণের মাধ্যমে দেশের আর্থিক সেবাতুলি বৃদ্ধির লক্ষ্যে বিশেষ গুরুত্বের সাথে স্কুল ব্যাংকিং প্রচলন করার জন্য নভেম্বর ০২, ২০১০ তারিখের বিআরপিডি সার্কুলার লেটার নং-১২ এর মাধ্যমে সকল তফসিলী ব্যাংককে পরামর্শ দেয়া হয়েছিল। এরই ধারাবাহিকতায় ব্যাংকগুলো ছাত্র/ছাত্রীদের জন্য আকর্ষণীয় মুনাফাসহ বিভিন্ন স্কীম চালুর মাধ্যমে স্কুল ব্যাংকিং কার্যক্রম পরিচালনা করছে। জুন ৩০, ২০১৩ পর্যন্ত ব্যাংকগুলোর স্কুল ব্যাংকিং কার্যক্রমের তথ্যাদি ষাণ্মাসিক ভিত্তিতে সংগ্রহ করা হতো। জিবিসিএসআরডি সার্কুলার নং-০৭ তারিখঃ অক্টোবর ২৮, ২০১৩ এর মাধ্যমে ব্যাংকগুলোকে হতে স্কুল ব্যাংকিং কার্যক্রমের হালনাগাদ তথ্যাদি ত্রৈমাসিক ভিত্তিতে বাংলাদেশ ব্যাংকে দাখিল করার নির্দেশনা দেয়া হয়। ব্যাংকগুলো হতে প্রাপ্ত সেপ্টেম্বর ৩০, ২০১৪ তারিখ ভিত্তিক তথ্যাদির ভিত্তিতে স্কুল ব্যাংকিং কার্যক্রমের হালনাগাদ তথ্যাদির তুলনামূলক চিত্র নিম্নে তুলে ধরা হলোঃ

জুন ৩০, ২০১৪ ভিত্তিক এবং সেপ্টেম্বর ৩০, ২০১৪ ভিত্তিক স্কুল ব্যাংকিং এর আওতায় খোলা ব্যাংক হিসাবের তথ্যঃ

ব্যাংকসমূহ	জুন ৩০, ২০১৪ ভিত্তিক হিসাব সংখ্যা	সেপ্টেম্বর ৩০, ২০১৪ ভিত্তিক হিসাব সংখ্যা	হিসাব সংখ্যা হ্রাস/বৃদ্ধি
রাষ্ট্রীয় মালিকানাধীন বাণিজ্যিক ব্যাংক	১০১,৪৬৮	১৩৭,৯৭৬	৩৬,৫০৮
বিশেষায়িত ব্যাংক	১০৬,৫০৩	১২১,৫৭২	১৫,০৬৯
বেসরকারী বাণিজ্যিক ব্যাংক	৪২৯,৯৯৫	৫৩৩,৪০২	১০৩,৪০৭
বিদেশী বাণিজ্যিক ব্যাংক	১,২১০	১২৫৮	৪৮
২০১৩ সালে তফসিলভুক্ত ব্যাংক	২৮৯	৫৮৩	২৯৪
সর্বমোট	৬৩৯,৪৬৫	৭৯৪,৭৯১	১৫৫,৩২৬


বিশ্লেষণঃ স্কুল ব্যাংকিং এর আওতায় জুন ৩০, ২০১৪ তারিখ পর্যন্ত মোট ৫৬টি ব্যাংকের মধ্যে (নতুন ০৯টি তফসিলী ব্যাংকসহ) ৪৯টি ব্যাংকে রক্ষিত মোট হিসাবের সংখ্যা ছিল প্রায় ৬.৩৯ লক্ষ। অন্যদিকে, সেপ্টেম্বর ৩০, ২০১৪ তারিখ পর্যন্ত ৪৯টি ব্যাংকে মোট হিসাবের সংখ্যা ১৫৫,৩২৬ (এক লক্ষ পঞ্চাশ হাজার তিনশত ছাব্বিশ) বৃদ্ধি পেয়ে দাঁড়িয়েছে প্রায় ৭.৯৫ লক্ষ। উল্লেখ্য, ২০১৩ সালে তফসিলভুক্ত নতুন ০৯টি ব্যাংকের মধ্যে ০৩টি ব্যাংক (মেঘনা ব্যাংক লিঃ, এনআরবি কমার্শিয়াল ব্যাংক লিঃ এবং এনআরবি ব্যাংক লিঃ) স্কুল ব্যাংকিং এর আওতায় হিসাব খুলেছে। এ তিনটি ব্যাংকের হিসাব সংখ্যা ৫৮৩ টি। একটি বিদেশী ব্যাংক (সিটিব্যাংক এন.এ) স্কুল ব্যাংকিং কার্যক্রম শুরু করেনি।



জুন ৩০, ২০১৪ ভিত্তিক এবং সেপ্টেম্বর ৩০, ২০১৪ স্কুল ব্যাংকিং এর আওতায় খোলা হিসাবে টাকার স্থিতির তথ্যঃ

ব্যাংকসমূহ	জুন ৩০, ২০১৪ ভিত্তিক স্থিতি (কোটি টাকায়)	সেপ্টেম্বর ৩০, ২০১৪ ভিত্তিক স্থিতি (কোটি টাকায়)	স্থিতি হ্রাস/বৃদ্ধি
রাষ্ট্রীয় মালিকানাধীন বাণিজ্যিক ব্যাংক	৫.০৪	১৩৪.৫৯	১২৯.৫৫
বিশেষায়িত ব্যাংক	৬.৯৮	৮.৫৬	১.৫৮
বেসরকারী বাণিজ্যিক ব্যাংক	৩৯৩.০৭	৪৮২.৬৬	৮৯.৫৯
বিদেশী ব্যাংক	১.৭৪	১.৮৯	০.১৫
২০১৩ সালে তফসিলভুক্ত ব্যাংক	০.৪৬	১.৪২	০.৯৬
সর্বমোট	৪০৭.২৯	৬২৯.১২	২২১.৮৩

বিশ্লেষণঃ স্কুল ব্যাংকিং এর আওতায় জুন ৩০, ২০১৪ পর্যন্ত মোট ৫৬টি ব্যাংকের মধ্যে (নতুন ০৯টি তফসিলী ব্যাংকসহ) ৪৯টি ব্যাংকে মোট স্থিতি ছিল প্রায় ৪০৭.২৯ (চারশত সাত কোটি উগত্রিশ লক্ষ টাকা) কোটি টাকা। অন্যদিকে, সেপ্টেম্বর ৩০, ২০১৪ তারিখ পর্যন্ত ৪৯টি ব্যাংকে মোট স্থিতি ২২১.৮৩ কোটি টাকা বৃদ্ধি পেয়ে প্রায় ৬২৯.১২ (ছয় শত উগত্রিশ কোটি বার লক্ষ) কোটি টাকায় দাঁড়িয়েছে।



সেপ্টেম্বর ৩০, ২০১৪ ভিত্তিক হালনাগাদ হিসাবের ভিত্তিতে শীর্ষ ০৫ ব্যাংক ও হিসাবের সংখ্যাঃ

ক্রমিক নং	ব্যাংকের নাম	হিসাব সংখ্যা
১	ইসলামী ব্যাংক বাংলাদেশ লিঃ	১৬১,০১১
২	রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক	৯০,৬৬১
৩	অগ্রণী ব্যাংক লিমিটেড	৭৬,২৪১
৪	উত্তরা ব্যাংক লিমিটেড	৬৭,২৩৬
৫	ফার্স্ট সিকিউরিটি ইসলামী ব্যাংক লিমিটেড	৬২,৫১৬

সেপ্টেম্বর ৩০, ২০১৪ ভিত্তিক হালনাগাদ স্থিতির ভিত্তিতে শীর্ষ ০৫ ব্যাংক ও স্থিতির তথ্যঃ

ক্রমিক নং	ব্যাংকের নাম	স্থিতি (কোটি টাকায়)
১	ডাচ-বাংলা ব্যাংক লিমিটেড	১৬৭.৩৮
২	অগ্রণী ব্যাংক লিমিটেড	১২৪.৩৮
৩	ইসলামী ব্যাংক বাংলাদেশ লিঃ	৫৮.৬০
৪	ফার্স্ট সিকিউরিটি ইসলামী ব্যাংক লিমিটেড	৫৩.৫০
৫	ইস্টার্ন ব্যাংক লিমিটেড	৪৭.৬৭

স্কুল ব্যাংকিং এ ব্যাংকসমূহের সার্বিক মূল্যায়ন :

স্কুল ব্যাংকিং এর আওতায় সেপ্টেম্বর ৩০, ২০১৪ তারিখ পর্যন্ত মোট ৪৯টি ব্যাংকের মাধ্যমে পল্লী এবং শহর এলাকায় হিসাব খোলা হয়েছে। ব্যাংকসমূহ হতে প্রাপ্ত তথ্য অনুযায়ী এ ত্রৈমাসিকে পল্লী এবং শহর এলাকায় হিসাব খোলার অনুপাত ৩ঃ৫। বেসরকারী বাণিজ্যিক ব্যাংকগুলোর (নতুন তিনটি ব্যাংক বাদে) হিসাব সংখ্যা সর্বোচ্চ প্রায় ৫.৩৩ (যা মোট হিসাব ৭৯৪,৭৯১ এর ৬৭.১১%) লক্ষ এবং স্থিতি প্রায় ৪৮২.৬৬ (যা মোট স্থিতি ৬২৯.১২ কোটি টাকার ৭৬.৭২%)কোটি টাকা। সুতরাং দেখা যাচ্ছে স্কুল ব্যাংকিং এর আওতায় বেসরকারী বাণিজ্যিক ব্যাংকগুলোর খোলা হিসাব সংখ্যা এবং মোট স্থিতি অন্যান্য শ্রেণীর ব্যাংকের হিসাব সংখ্যা এবং মোট স্থিতির তুলনায় সর্বোচ্চ অবস্থানে আছে যা অত্যন্ত আশাব্যঞ্জক। এ ত্রৈমাসিকে প্রায় ৩৯৪৯ টি স্কুল হতে ছাত্র-ছাত্রীদের ফি সংগ্রহ করা হয়েছে। চলতি ত্রৈমাসিকে ব্যাংকগুলোতে এসব হিসাবে প্রায় ২৭৬.১৯ কোটি টাকা জমা হয়েছে এবং প্রায় ১৭৫.৯৮ কোটি টাকা হিসাবসমূহ হতে উত্তোলন করা হয়েছে যার মধ্যে এটিএম এর মাধ্যমে উত্তোলন করা হয়েছে প্রায় ২০.৬৩ কোটি টাকা। সেপ্টেম্বর ৩০, ২০১৪ পর্যন্ত ইসলামী ব্যাংক বাংলাদেশ লিঃ সর্বোচ্চ ১৬১,০১১(এক লক্ষ একষট্টি হাজার এগার যা মোট হিসাবের ২০.২৬%)টি হিসাব খুলেছে এবং ডাচ-বাংলা ব্যাংক লিমিটেড স্থিতির ভিত্তিতে শীর্ষে (প্রায় ১৬৭.৩৮ কোটি টাকা যা মোট স্থিতির ২৬.৬১%) অবস্থান করছে। ব্যাংকসমূহে গত জুন ৩০, ২০১৪ তারিখের তুলনায় সেপ্টেম্বর ৩০, ২০১৪ তারিখে হিসাব সংখ্যা বৃদ্ধি পেয়েছে প্রায় ২৪.৩% এবং এসব হিসাবে টাকার স্থিতি বেড়েছে প্রায় ৫৪.৫%। বিদেশী ব্যাংকগুলোর অধিকাংশই কর্পোরেট ব্যাংকিং করে বিধায় স্কুল ব্যাংকিং কার্যক্রমে তারা আশানুরূপ অগ্রগতি অর্জন করতে পারেনি। তবে, সার্বিক দৃষ্টিকোণ থেকে স্কুল ব্যাংকিং কার্যক্রমে ব্যাংকগুলো উল্লেখযোগ্য ভূমিকা অর্জন করতে সক্ষম হয়েছে।
